

## শোকবার্তা

### সাবেক ধর্মমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ মতিউর রহমান এর মৃত্যুতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রীর শোক

ঢাকা ২৮ আগস্ট, ২০২৩;


বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য, সাবেক ধর্মমন্ত্রী, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক অধ্যক্ষ মতিউর রহমান আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। রোববার (২৭ আগস্ট) রাত পৌনে ১১টার দিকে একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর।

তাঁর মৃত্যুতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

শোকবার্তায় মন্ত্রী বলেন, বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ মতিউর রহমান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক এবং বাংলাদেশ আওয়ামী লীগের একজন নিবেদিতপ্রাণ নেতা ছিলেন। ছাত্রজীবন থেকেই মতিউর রহমান ছাত্রলীগের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। তিনি দীর্ঘ সময় ময়মনসিংহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সভাপতির দায়িত্ব পালন করেছিলেন। এছাড়াও মহান মুক্তিযুদ্ধের সময় মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষক ও সফল সংগঠকের দায়িত্ব পালন করেন। তাঁর মৃত্যুতে দেশের অপূরণীয় ক্ষতি হলো। যা সহজে পূরণ হবার নয়।

উল্লেখ্য, অধ্যক্ষ মতিউর রহমান মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে ২০২২ সালে **একুশে পদক** এবং বাংলাদেশ আওয়ামী লীগের রাজনীতিতে অকৃত্রিম অবদানের জন্য অধ্যক্ষ মতিউর রহমান ‘মুজিব দর্শন বাস্তবায়ন পরিষদ’ কর্তৃক ২০০০ সালে **‘বঙ্গবন্ধু পদক’** লাভ করেন।

মন্ত্রী মরহমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

  
২৮.৮.২৩  
(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ)  
☎ ০১৭১১-৮১৫৮৮১